

18

ইসলামী বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা অব্যাহত

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
পাতা ॥ গত আটদিন ধাবৎ ইসলামী
বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা বিরাজ
করিতেছে। তাইস চ্যান্সেলর ডঃ
ইনাম-উল হকের বিরুদ্ধে বিভিন্ন
পদে নিয়োগের ক্ষেত্রে দলীয়করণ
তথা বিএনপিকরণ, ক্ষমতার অপ-
ব্যবহার, দুর্নীতি, অর্থ আত্মসাৎ,
অনিয়ম, স্বজনপ্রীতি, সর্বোপরি বিশ্ব-
বিদ্যালয় স্বর্ধ্ব ও নিরপেক্ষভাবে
চলাইতে চরমভাবে ব্যর্থতা, অযো-
গ্যতাসহ বেশকিছু অভিযোগে অবিলম্বে তাহার অপসারণের দাবীতে ছাত্রলীগের (শা-পা) আহ্বানে গত ২৯ জুন হইতে 'অনির্দিষ্ট-
কালের ধর্মঘট' কর্মসূচী পালিত হও-
য়ায় বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার
প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম
বন্ধ রহিয়াছে।

গতকাল (রবিবার) ধর্মঘটের
অষ্টমদিনেও কোন ক্লাস, পরীক্ষা
কাজকর্ম হয় নাই। বিশ্ববিদ্যালয়ের
নিজস্ব পরিবহন চলাচল করিতে না
দেওয়ায় অধিকাংশ ছাত্র-ছাত্রী, শিক্ষক-
কর্মকর্তা ও কর্মচারী ক্যাম্পাসে
আসিতে পারিতেছে না। ফলে
ক্যাম্পাস দূশ্যত জনশূন্য হইয়া পড়ি-
য়াছে। ছাত্রলীগ কর্মীরা ভিসির
বাগভবন, প্রশাসন ভবন ও প্রধান
গেট তালাবদ্ধ করিয়া রাখিয়াছে।

আন্দোলনরত ছাত্ররা ভিসিকে
ক্যাম্পাসে অবস্থিত ঘোষণার প্রেক্ষিতে
ভিসি গত মঙ্গলবার কর্মস্থল ত্যাগ
করিয়া ঢাকা চলিয়া গিয়াছেন।

একটি সূত্র জানায়, তিনি (ভিসি)
গতকাল কুষ্টিয়ায় আসিয়া সংগো-
পনে অবস্থান করিতেছেন। তবে
কুষ্টিয়ার উর্ধ্বতন পুলিশ কর্মকর্তা-

দের সহিত যোগাযোগ করা হইলে
জাহারা 'ভিসির কুষ্টিয়ায় অব-
স্থান' সম্পর্কে নিশ্চিত নন বলিয়া
জানান। জানা গিয়াছে গত বৃহস্পতি-
বার এক বৈঠকে শিক্ষামন্ত্রী তাইস-
চ্যান্সেলরকে কর্মস্থল অর্থাৎ কুষ্টিয়ায়
গিয়া অনতিবিলম্বে বিশ্ববিদ্যালয়ের
কার্যক্রম শুরু করিতে বলিয়াছেন।

অচলাবস্থা অব্যাহত থাকার
প্রেক্ষিতে ইসলামী বিশ্ববিদ্যালয়
শিক্ষক সমিতি আজ (সোমবার)
জরুরী সাধারণ সভা আহ্বান করি-
য়াছে। গতকাল অনুষ্ঠিত বিশ্ব-
বিদ্যালয়ে প্রগতিশীল শিক্ষকদের
সংগঠন শাপলা ফোরামের একমতায়
সিদ্ধান্ত মোতাবেক পরিস্থিতি নিরসন
তথা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ
ফিরাইয়া আনার লক্ষ্যে বিশ্ববিদ্যা-
লয়ের চ্যান্সেলর, প্রধানমন্ত্রী, শেখ
হাসিনার আশু হস্তক্ষেপ কামনা
করা হয়।

গতকাল ক্যাম্পাসে আয়োজিত
ছাত্রলীগের জরুরী কর্মী সমাবেশে
নেতৃবৃন্দ বলিয়াছেন সাধারণ ছাত্র-
দের দুর্ভোগ তাহাদের কাম্য নয়।
কিন্তু বর্তমান ভিসিই বিশ্ববিদ্যা-
লয়কে ধ্বংসের ষড়যন্ত্রে লিপ্ত থাকায়
তাহাদের পিঠ দেয়ালে ঠেকিয়াছে।
অবিলম্বে ভিসির অপসারণেই অচলাব-
স্থার নিরসন সম্ভব বলিয়া নেতৃবৃন্দ
উল্লেখ করেন। বক্তব্য রাখেন কুষ্টিয়ার
আওয়ামী লীগ নেতা ইব্রাহিম
হোসেন, আবদুর রউফ, তানিটির
ছাত্রলীগ নেতা শামসুল ইসলাম
জোহা, হারুন-অর-রশিদ, মীর জিল্লুর
রহমান, সেলিম আহমেদ বাদল,
আব্দুল হামান প্রমুখ।

গত শনিবার ক্যাম্পাসে অনুষ্ঠিত
এক দলীয় সমাবেশে ছাত্র শিবিরের
কেন্দ্রীয় সভাপতি মুহাম্মদ শাহজাহান
ইসলামী বিশ্ববিদ্যালয়ের 'নাজুক
পরিস্থিতি' নিরসনে ব্যর্থতার জন্য
সরকারের সমালোচনা করেন।